

প্রেস বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয় ফেইসবুকে বাংলা বানান ব্যবহারে সহায়তা করছে

ঢাকা, ১৯/০৪/২০১৬:


সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে “বাংলা ভাষা বাস্তবায়ন কোষ” নামে পাবলিক গ্রুপ বা পেইজ খুলে সরকারি কাজে প্রমিত বাংলা বানান ব্যবহারে সহায়তা করছে জনপ্রশাসন মন্ত্রণালয়।

জনপ্রশাসন মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের সভাপতিত্বে আজ মঙ্গলবার মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় এ তথ্য জানানো হয়।

সভায় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক এবং সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীসহ মন্ত্রণালয়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মন্ত্রণালয়ের সংস্কার, গবেষণা ও আইন অনুবিভাগের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ (বাবাকো) গত ১৫ মার্চ থেকে এ সেবা প্রদান করে আসছে। সরকারি কর্মকর্তা-কর্মচারীরা বাবাকোর এই ফেইসবুকে অনুরোধ পাঠিয়ে এর সদস্য হতে পারবেন। কোন কর্মকর্তা-কর্মচারী বাংলা বানান ব্যবহারে কোন সমস্যায় পড়লে এ ফেইসবুকের মাধ্যমে প্রশ্ন করে স্বল্প সময়ে তার সমাধান পেতে পারেন।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)) এই ফেসবুকটি লিংক করা আছে। প্রতিদিন অফিস সময় সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত এ সেবা প্রদান করা হচ্ছে।



মোঃ তোহিদুল ইসলাম

সিনিয়র তথ্য অফিসার

জনপ্রশাসন মন্ত্রণালয়

মোবা: ০১৭১৮-৫৪৩৬২৫